দৈনিক সংবাদ

2 9 MAY 1990

তারিখ : 2 9 MAY 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

## সমস্যা কবলিত শিক্ষা প্রতিষ্ঠান দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট

বাংলাদেশের ১৮টি পলিটেকনিক ইনস্টিটিউটের মধ্যে দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট একটি অবহেলিত ও সমস্যা কবলিত শিক্ষা প্রতিষ্ঠান। দেশের উত্তরাঞ্চলে কারিগরি শিক্ষা সম্প্রসারণের কথা বিবেচনা করে ১৯৬৫ সালে ইনস্টিটিউটটি স্থাপন করা হয়। সুদীর্ঘ ২৫ বছরেও প্রতিষ্ঠানটির তেমন কোন উন্নয়ন সাধিত হয়নি। এখানে পুর, শক্তি, যন্ত্র ও বিদ্যুৎ কৌশল বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। ইনস্টিটিউটটি আজ নানান সমস্যার সম্মুখীন। প্রথমতঃ লাইব্রেরীতে বইয়ের সমস্যা। বর্তমানে সেশন জট নিরসনে অতিরিক্ত শিফ্‌ট্‌ চালু করা হয়েছে; কিন্তু লাইব্রেরীতে বইয়ের সংখ্যা বাড়ানো হয়নি। দ্বিতীয়তঃ, শিক্ষক সমস্যা। ছাত্রসংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়লেও শিক্ষক-সংখ্যা বাড়েনি; বরং অনেক গুরুত্বপূর্ণ পদ শূন্য রয়েছে। তৃতীয়তঃ পরিবহন সমস্যা। এই পলিটেকনিকে ছাত্রদের জন্য কোন সচল গাড়ী নেই। ফলে ছাত্ররা শিক্ষাসফর থেকে বঞ্চিত হচ্ছে। এছাড়াও রয়েছে বিদ্যুৎ সমস্যা। প্রতিনিয়ত ক্যাম্পাসে বিদ্যুৎ চলে যায় অথচ পার্শ্ববর্তী এলাকায় বিদ্যুৎ থাকে।

উপরোক্ত সমস্যাদির কারণে ছাত্রদের পড়াশুনায় বিঘ্ন ঘটছে। তাই ছাত্রদের সুবিধার্থে অতি শীঘ্র উপরোক্ত সমস্যাদি সমাধানকল্পে শিক্ষা মন্ত্রণালয়ের শুভদৃষ্টি কামনা করছি।

খন্দকার কায়সারুল ইসলাম লিংকন
৩০৩/ নতুন ছাত্রাবাস
দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট